বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ)
(আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়)
এফ-২০-ডি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
E-mail: info@bnf.gov.bd, Web: www.bnf.gov.bd

স্মারক নং-বিএনএফ/প্রশাঃ/নিয়োগ/০৭/২১/৪৬৬ তারিখঃ ২৩/১১/২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-এর অধীন একটি স্ব-শাসিত প্রতিষ্ঠান। বিএনএফ-এ মহাব্যবস্থাপক (জিএম) পদে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম ও সংখ্যা: মহাব্যবস্থাপক (জিএম); ০১ (এক) টি

বেতন স্কেলঃ ৳ ১,৪১,৩০০/- – ১,৮৬,০০০/- (বিএনএফ বেতন-স্কেল-২০২৬ অনুযায়ী)

অন্যান্য সুযোগ-সুবিধাঃ (বিএনএফ-এর বিধি বিধান অনুযায়ী)

বিএনএফ এর বিধি বিধান অনুযায়ী বাড়ি ভাড়া ভাতা, দুটি উৎসব ভাতা, বাংলা নববর্ষ ভাতা, আপ্যায়ন ভাতা, চিকিৎসা ভাতা, মোবাইল/ইন্টারনেট ভাতা ও অর্জিত ছুটি নগদায়ন সুবিধা প্রাপ্য হবেন। এছাড়া অফিসে আসা-যাওয়ার জন্য গাড়ি সুবিধা পাবেন।

বয়সঃ ৩১ অক্টোবর ২০২৬ তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ৫০ বছর এবং অনধিক ৬২ বছর হতে হবে।

শিক্ষাগত যোগ্যতাঃ

প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ন্যূনপক্ষে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। তবে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা থেকে পরবর্তী পরীক্ষাসমূহের কোনোটিতে তৃতীয় বিভাগ/শ্রেণি বা সমমানের গ্রেডে উত্তীর্ণ ব্যক্তি আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

অভিজ্ঞতাঃ

- কোনো সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির কর্মকর্তার পদে কমপক্ষে ১৫ বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।
- বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে অনুরূপ শিক্ষাগত যোগ্যতা এবং দায়িত্বপূর্ণ পদে কমপক্ষে ১৫ বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।
- প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন, আর্থিক পরিকল্পনা ও বাজেট প্রণয়ন, গ্রামীণ অর্থনীতি/পল্লী দারিদ্র্য বিমোচন/ সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ড/ক্ষুদ্রঋণ সংক্রান্ত একাধিক বিষয়ে অবশ্যই অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

নিয়োগ পদ্ধতিঃ

- মহাব্যবস্থাপক পদে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে নিয়োগদান করা হবে। প্রাপ্ত আবেদনের মধ্য হতে শর্ট লিস্ট (Short List) করে প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

শর্তাবলীঃ

- নির্বাচিত প্রার্থীর বয়স ৫০ হতে ৫৫ বছরের মধ্যে হলে নিয়মিত চাকরি হিসেবে নিয়োগ দেয়া হবে। তবে নির্বাচিত প্রার্থীর বয়স ৫৫ বছরের অধিক হলে প্রাথমিকভাবে সর্বোচ্চ ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হবে। চুক্তির মেয়াদে পারফরমেন্স সন্তোষজনক হলে ফাউন্ডেশনের প্রচলিত বিধিবিধান সাপেক্ষে নিয়োগের মেয়াদ এক বছর করে সর্বোচ্চ দু'বছর নবায়ন করা হতে পারে।
- নৈতিকতার পরিপন্থি ক্রিয়াকলাপের জন্য চাকরিচ্যুত অথবা আদালতে সাজা প্রাপ্ত কোন ব্যক্তি আবেদন করতে পারবেন না।
- আবেদনের সাথে অভিজ্ঞতার সার্টিফিকেট, উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট থেকে যথাযথ চারিত্রিক সার্টিফিকেট এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্র এবং সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে। চাকুরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। **ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন, বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন ভবন, এফ-২০-ডি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭** বরাবরে নির্ধারিত সময়ের মধ্যে পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্তসহ আবেদনের হার্ড কপি দাখিল করতে হবে এবং সফট কপি md@bnf.gov.bd বরাবর ইমেইলে প্রেরণ করতে হবে।
- ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ বা বিলম্বে প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না;

দরখাস্ত পৌঁছানোর শেষ তারিখ: বৃহস্পতিবার, ১৭ ডিসেম্বর ২০২৬ (বিকাল ০৪:০০টা পর্যন্ত)

বি: দ্র: সম্পূর্ণ নিরপেক্ষ মূল্যায়ণের ভিত্তিতে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা মর্মে বিবেচিত হবে।

২৩/১১/২০২৬

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন

bekarsfeed.com